তারিখ 09 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

আমাদের সময়

# পাঠ্যপুস্তকে লিঙ্গবৈষম্য বাড়ছেই

আন্তর্জাতিক ডেস্ক ● উন্নয়নশীল বিশ্বের দেশগুলোয় স্কুলের পাঠ্যপুস্তকে লিঙ্গবৈষম্যের চিত্র দিন দিন প্রকট হচ্ছে। নারী শিক্ষাকে অবহেলা করার মতো নেতিবাচক দৃষ্টিভঙ্গি আরও বেশি করে ফুটে উঠছে পাঠ্যপুস্তকে। গতকাল আন্তর্জাতিক নারী দিবসে এ কথা বলেছে জাতিসংঘের শিক্ষাবিষয়ক সংস্থা ইউনেস্কো। বিবিসি।

মেয়েরা ক্রিতদাসের মতো খাটছেন– যেমন রান্নাবান্না করছেন, শিশুর যত্ন নিচ্ছেন ইত্যাদি। এমন চিত্রই সাধারণত পাঠ্যপুস্তকে দেখানো হয়। ইউনেস্কোর প্রতিবেদনে বলা হয়েছে, বইতে যেসব নারী চরিত্র দেখানো হয়, তাদের বেশিরভাগ ক্ষেত্রেই দ্বিতীয় সারির কোনো কাজে যুক্ত দেখানো হয়। এতে নারীদের 'পেশাভাবনা সীমিত' হয়ে যাচ্ছে। ইউনেস্কোর কর্মকর্তা ম্যানোস অ্যান্তোনিনিস বলেছেন, লিঙ্গসমতা প্রতিষ্ঠার ক্ষেত্রে এ এক গোপন অন্তরায়। বিশ্বের যেসব মেয়ে স্কুলের বাইরে রয়েছে, তাদের শিক্ষা প্রদানে পদক্ষেপ নেওয়ারও আহ্বান জানিয়েছে সংস্থাটি। এশিয়া ও আফ্রিকার দেশগুলোর উদাহরণ টেনে প্রতিবেদনে বলা হয়, বইগুলোতে ছেলেদের দেখানো হচ্ছে ধনাঢ্য ব্যবসায়ী, দোকানদার, প্রকৌশলী, বিজ্ঞানী বা রাজনীতিক। কিন্তু মেয়েদের দেখানো হচ্ছে রাঁধুনি কিংবা শিশুর সেবক হিসেবে।